

## বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় দুর্নীতিবাজদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে সিডিকেটে সিদ্ধান্ত

### নিজস্ব বার্তা পরিবেশক

বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে যন্ত্রপাতি কেনার নামে ২০ কোটি টাকার বেশি লুটপাটকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। গতকাল মঙ্গলবার মেডিকেল ভার্শিটির নতুন সিডিকেট বৈঠকে এ সিদ্ধান্ত হয়। মেডিকেল ভার্শিটির দুর্নীতি নিয়ে গঠিত তদন্ত পর্যালোচনা কমিটির সুপারিশ অনুযায়ী সিডিকেট এ ব্যবস্থা

নেয়ার সিদ্ধান্ত নিয়েছে।

বঙ্গবন্ধু মেডিকেল ভার্শিটির উপাচার্য অধ্যাপক মো. জাহির সিডিকেট বৈঠক শেষে 'সংবাদ'কে জানান, সিডিকেট সদস্যরা সর্বসম্মতভাবে দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল সকাল ১১টা থেকে বিকেল প্রায় ৪টা পর্যন্ত মিলন হলে নতুন সিডিকেটের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ২০ জন সিডিকেট সদস্যের মধ্যে ২/৩ জন ছাড়া সবাই উপস্থিত ছিলেন। অনুমোদনপত্র ছাড়া একজন সিডিকেট সদস্য পরিচয় দিয়ে বৈঠকে গেলে সিডিকেট সদস্যদের আপত্তির মুখে তিনি আবার বের হয়ে যান।

অভিযোগ রয়েছে, বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে বঙ্গবন্ধু মেডিকেল ভার্শিটির কার্ডিয়াক সেন্টারসহ বিভিন্ন বিভাগে যন্ত্রপাতিসহ বিভিন্ন জিনিসপত্র কেনাকাটার নামে বেশি লুটপাট হয়েছে। এর মধ্যে তদন্ত কমিটি ৮/১০ কোটি টাকা লুটপাটের বিষয়টি চিহ্নিত করেছে। আরো বিভিন্ন ব্যক্তিতে ১০ থেকে ১৫ কোটি টাকার অনিয়ম রয়েছে। জানা গেছে, দেশের নরমিদামি গ্রাইভেট হাসপাতালে যে যন্ত্র ৩০ থেকে ৪০ লাখ টাকায় কেনা হয়েছে, বঙ্গবন্ধু মেডিকেল ভার্শিটিতে সে যন্ত্র ১ কোটি ৪০ লাখ টাকায় কেনা হয়েছে। ১৯ লাখ টাকার যন্ত্র ৪২ লাখ টাকায় কেনা হয়েছে।

উল্লেখ্য, বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ত্রয় সংক্রান্ত দুর্নীতি নিয়োগ বাণিজ্যসহ বিভিন্ন দুর্নীতি নিয়ে 'সংবাদ'-এ একাধিক রিপোর্ট প্রকাশিত হয়েছে। এরই ভিত্তিতে তদন্ত কমিটি ও তদন্ত পর্যালোচনা কমিটি গঠন করা হয়। তদন্ত পর্যালোচনা কমিটির সুপারিশের ভিত্তিতে গতকাল সিডিকেট বৈঠক অনুষ্ঠিত হয়।